

প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় ২০১৬-১৭ বছরে ঋণদানের পরিমাণ ১.৮ লক্ষ কোটি টাকা: ৭০ শতাংশ ঋণ গ্রহীতাই হলেন মহিলা

নয়াদিল্লি, ১৭এপ্রিল, ২০১৭

প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় ২০১৬-১৭ অর্থ বছরে ঋণদানের মাত্রা ১,৮০,০০০ কোটি টাকা অতিক্রম করেছে। মঞ্জুরিকৃত ঋণের মোট পরিমাণ ১,৮০,০৮৭ কোটি টাকা। তবে, অপেক্ষাকৃত ক্ষুদ্র আর্থিক সংস্থাগুলির কাছ থেকে চূড়ান্ত পরিসংখ্যানগত তথ্য এখনও পর্যন্ত পাওয়া যায়নি। মঞ্জুরিকৃত ঋণের মধ্যে ব্যাঙ্কগুলির পক্ষ থেকে দেওয়া হয়েছে ১,২৩,০০ কোটি টাকা এবং বিভিন্ন আর্থিক সংস্থা ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে ৫৭,০০০ কোটি টাকা।

পরিসংখ্যানগত তথ্যে প্রকাশ যে আলোচ্য বছরে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার আওতায় ঋণ গ্রহীতার সংখ্যা ছিল ৪ কোটিরও বেশি। এদের মধ্যে আবার, ৭০ শতাংশই হলেন মহিলা। অন্যান্য ঋণ গ্রহীতাদের মধ্যে ২০ শতাংশ তপশিলি জাতি, ৫ শতাংশ তপশিলি উপজাতি এবং প্রায় ৩৫ শতাংশ অন্যান্য অনগ্রসর শ্রেণীর অন্তর্ভুক্ত।

রাষ্ট্রায়ত্ত্ব এবং বেসরকারি - উভয় ক্ষেত্রের ব্যাঙ্কগুলির পক্ষ থেকে ঋণদানের মাত্রা বেশ উৎসাহব্যাঞ্জক। যে ক্ষেত্রগুলি এতদিন অবহেলিত ছিল, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার আওতায় সেখানেও ঋণের সুযোগ পৌঁছে দেওয়ার ফলে বিশেষ বিশেষ শ্রেণীর মানুষদের মধ্যে ঋণ গ্রহণের আগ্রহ বৃদ্ধি পাওয়ার ঘটনা লক্ষ্য করা গেছে।

প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৭-১৮ অর্থ বছরে ২.৪৪ লক্ষ কোটি টাকার মুদ্রা ঋণ মঞ্জুরের লক্ষ্যমাত্রার কথা ঘোষণা করা হয়েছে এবারের কেন্দ্রীয় বাজেটে।